**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

*******************



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 25 JUNE 2025 , WEDNESDAY । ২৫ জুন ২০২৫ , বুধবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-313 PAGE । পৃষ্ঠা-4


## বিধানসভায় হইচই ,সাসপেন্ড বিজেপির চার বিধায়ক




এই যুগ , কলকাতা ,২৪ জুন : বিধানসভায় শঙ্কর ঘোষ , অগ্নিমিত্রা পাল সহ চারজন বিজেপি বিধায়ককে সাসপেন্ড করা হয়েছে। এই ঘটনার সূত্রপাত বিজেপি বিধায়ক অশোক লাহিড়ীর একটি বক্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়াকে কেন্দ্র করে। বিধানসভার স্পিকারের সিদ্ধান্তের প্রতিবাদে বিজেপি বিধায়করা ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে শুরু করেন। এর পরিপ্রেক্ষিতে বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় ওই চার জন বিধায়ককে পুরো অধিবেশনের জন্য সাসপেন্ড করার নির্দেশ দেন।স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় মার্শালদের নির্দেশ দেন সাসপেন্ড হওয়া বিজেপি বিধায়কদের অধিবেশন কক্ষ থেকে বের করে দেওয়ার জন্য। এই সময় মার্শালদের সঙ্গে বিজেপি বিধায়কদের ধস্তাধস্তি পরিস্থিতির সৃষ্টি হয়। এমনকী হাতাহাতির পরিস্থিতিও তৈরি হয় বলে অভিযোগ। বেশ কিছুক্ষণ ধরে এই পরিস্থিতি চলার পর বিজেপি বিধায়করা ওয়াকআউট করেন।যে চারজন বিজেপি বিধায়ককে সাসপেন্ড করা হয়েছে , তাঁরা হলেন শঙ্কর ঘোষ , অগ্নিমিত্রা পাল , মনোজ ওঁরাও এবং দীপক বর্মন।কিছু দিন আগে বিধানসভার অধিবেশন চলাকালীন বিজেপি বিধায়কেরা রাজ্যের মন্ত্রীর বক্তব্য না শুনেই বেরিয়ে গেছিলেন। সেই ঘটনার প্রেক্ষিতে বিজেপি বিধায়ক অশোক লাহিড়ী সহ অন্যান্য বিজেপি বিধায়কদের সেই দিনের বক্তব্য বিধানসভার কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেন স্পিকার। এদিন অধিবেশন শুরু হওয়ার পর স্পিকারের এই সিদ্ধান্তের প্রতিবাদ জানান বিজেপির বিধায়করা। রাজ্য সরকারের পক্ষ থেকে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বিজেপি-র তোলা প্রশ্নের জবাব দিচ্ছিলেন। ঠিক তখনই বিজেপি বিধায়করা বিক্ষোভ দেখাতে শুরু করেন।অধ্যক্ষ তাঁদের বহুবার সতর্ক করা সত্ত্বেও বিজেপি বিধায়করা কথা শোনেনি এবং ওয়েলে নেমে এসে বিক্ষোভ দেখাতে থাকেন। এর পরেই চারজন বিজেপি বিধায়ককে সাসপেন্ড করেন স্পিকার। এই সময় শাসক দলের বিধায়করা নিজেদের আসনেই বসে ছিলেন। এই ঘটনার মধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধানসভায় পৌঁছে তিনি দলীয় বিধায়কদের থেকে ঘটনাটি শুনে স্পিকারের কাছে যান। সেখানে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় সহ রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাসের সঙ্গে বিরোধী দলনেতার তর্কাতর্কি শুরু হয়।

## এক গুচ্ছ দাবিতে চা শ্রমিকদের বিক্ষোভ ও দাবিপত্র প্রদান কর্মসূচি



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২৪ জুন : একগুচ্ছ দাবিতে আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের পাটকাপাড়া চা বাগানে মঙ্গলবার বিক্ষোভ প্রদর্শন করে ম্যানেজারকে দাবিপত্র প্রদান করলো চা শ্রমিকদের যৌথ মঞ্চ। বিক্ষোভ প্রদর্শনকারী শ্রমিকদের পক্ষ থেকে জানানো হয় চা শ্রমিকদের ন্যূনতম মজুরি প্রদান , মহিলা শ্রমিকদের কর্মক্ষেত্রে উপযুক্ত পরিবেশ সৃষ্টি , বকেয়া গ্রাচুইটি ও পি এফ এর টাকা মিটিয়ে দেওয়া , কেন্দ্রীয় শ্রম আইন বাতিল করা , চা বাগানে বসবাসকারীদের জমির পাট্টা প্রদান , ন্যূনতম পেনশন দশ হাজার টাকা করা সহ আরও বেশ কিছু দাবিতে এই বিক্ষোভ প্রদর্শন করা হয়। পাশাপাশি জুলাই মাসের নয় তারিখ সারা ভারত সাধারন ধর্মঘটকে সমর্থন জানআনো হয়। বিক্ষোভ প্রদর্শনের পর চা বাগানের ম্যানেজার কে দাবি পত্র প্রদান করা হয়। ম্যানেজার জানান তিনি দাবিপত্রটি মালিকপক্ষের নিকট পাঠিয়ে দেবেন।

## লন্ডন থেকে মুম্বইগামী এয়ার ইন্ডিয়ার বিমানের ১১জন অসুস্থ



এই যুগ , দিল্লি ,২৪ জুন : আবার ও বিপদ এয়ার ইন্ডিয়ার বিমানে। এবার লন্ডন থেকে মুম্বইগামী এয়ার ইন্ডিয়ার একটি বিমানে সোমবার অন্তত ১১ জন যাত্রী অসুস্থ হয়ে পড়ে বলে খবর। তাঁদের মধ্যে ৬ জন কেবিন ক্রু সদস্য ছিলেন। এয়ার ইন্ডিয়া ঘটনাটি নিশ্চিত করেছে , তবে তাঁদের বক্তব্য , অসুস্থ বোধ করেছেন ৫ জন যাত্রী ও ২ জন ক্রু সদস্য।যাত্রী ও ক্রুদের অসুস্থতার কারণ অনুসন্ধান করা হচ্ছে। মনে করা হচ্ছে , অক্সিজেনের অভাবের কারণে যাত্রীদের মধ্যে বমি ভাব ও মাথা ঘোরার মতো সমস্যা দেখা দিয়েছিল। খাদ্য বিষক্রিয়াও এর কারণ হতে পারে। এয়ার ইন্ডিয়া বিবৃতিতে বলেছে , লন্ডন হিথরো থেকে মুম্বইগামী ফ্লাইট এআই-১৩০-এর পাঁচ জন যাত্রী এবং দুই জন ক্রু ফ্লাইটের বিভিন্ন পর্যায়ে মাথা ঘোরা ও বমি বমি ভাবের কথা জানান। বিমানটি নিরাপদে মুম্বইয়ে অবতরণ করেছে। সেখানে আমাদের মেডিকেল টিম তাৎক্ষণিক চিকিৎসার জন্য তৈরি ছিল। অবতরণের পরই ,দুই জন যাত্রী এবং দুই জন কেবিন ক্রু , যাঁরা তখনও অসুস্থ বোধ করছিলেন , তাঁদের আরও পরীক্ষার জন্য মেডিক্যাল রুমে নিয়ে যাওয়া হয় এবং পরে তাঁদেরকে ছেড়ে দেওয়া হয়। আমরা ঘটনাটি তদন্ত করছি।এই ঘটনায় ফের একবার প্রশ্নের মুখে এয়ার ইন্ডিয়া। নিয়মিত বিমান যাত্রীদের মতে আমেদাবাদের ভয়াবহ দুর্ঘটনার পর একটু বেশি যাত্রী সুরক্ষা নিয়ে বিমান সংস্থাগুলোর ভাবার দরকার। আগামী তে যাতে আর কোন দুর্ঘটনা না ঘটে।

## কোচবিহার শিলিগুড়ি রুটে চালু হলো উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের এসি বাস পরিষেবা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৪ জুন : কোচবিহার শিলিগুড়ি রুটে চালু হলো উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের এ সি বাস পরিষেবা। মঙ্গলবার নিগমের কোচবিহার সেন্ট্রাল বাস টার্মিনাস থেকে এই বাস পরিষেবার সূচনা করেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। উপস্থিত ছিলেন কোচবিহার পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ , নিগমের ম্যানেজিং ডিরেক্টর সহ অন্যান্য আধিকারিকগন। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায় জানান এলাকাবাসীর দাবি ও যাত্রীদের চাহিদার কথা মাথায় রেখে এদিন নিগমের দুটি বাস দিয়ে কোচবিহার শিলিগুড়ি রুটে এসি বাস পরিষেবা চালু করা হলো। বাস দুটি দিনে দুবার এই রুটে প্রতিদিন যাতায়াত করবে। কোচবিহার থেকে সকাল সাতটা চল্লিশ মিনিট ও দুপুর দুটো চল্লিশ মিনিটে ছাড়বে , অপরদিকে শিলিগুড়ি থেকে সকাল আটটা পঞ্চাশ মিনিট ও বিকাল তিনটে পঞ্চাশ মিনিটে কোচবিহারের উদ্দেশ্যে ছাড়বে। ভাড়া রাখা হয়েছে দুশো কুড়ি টাকা। রাস্তায় পাঁচটি জায়গায় স্টপেজ দেবে এই বাস দুটি। নিগমের আশা এই পরিষেবা লাভদায়ক হবে।

## জেলার কথা

# চিকলিগুড়িতে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার আশঙ্কা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন : চিকলিগুড়ি রায়ডাক এক নম্বর নদীর খেয়া খাটে তৈরি বাঁশের সাঁকো জলে ডুবে গেছে এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে মঙ্গলবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। সোমবার রাতে প্রচুর পরিমাণে বৃষ্টি হয়েছে। মঙ্গলবার সকাল থেকেই নদীতে জল বাড়ছে। এদিন বিকেলে ওই এলাকায় গিয়ে দেখা গেল বাঁশের সাঁকোর উপর দিয়ে জল বয়ে চলেছে। যেকোনো সময় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যেতে পারে বাঁশের সাঁকো ভেঙ্গে গেলেই। যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে ছাত্র-ছাত্রী থেকে শুরু করে এলাকার বাসিন্দারা অসুবিধার সম্মুখীন হবেন। উল্লেখ্য এক নম্বর খেয়াঘাটে পাকা ব্রীজ তৈরির দাবি উঠেছিল অনেকদিন আগে থেকেই। পথ অবরোধ থেকে শুরু করে ছাত্রছাত্রীরা মাঠে নেমেছিল পাকা ব্রীজ তৈরির দাবি নিয়ে। সরকারিভাবে ব্রীজ তৈরির জন্য টাকা অনুমোদন হয়েছিল কিন্তু ব্রীজ তৈরি হয়নি এখনো।

# মানবিকতার পরিচয় দিল পুলিশ আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন : আলিপুরদুয়ারে জংশন নর্থ পয়েন্ট এলাকায় দুর্ঘটনায় গুরুতর জখম হয়েছেন এক ব্যক্তি। তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে গেছে পুলিশ। এক চার চাকার গাড়ির পেছনে সজোরে ধাক্কা মারে বাইক চালক আর এর ফলেই গুরুতর জখম হন বাইক চালক ঘটনাটি ঘটেছে মঙ্গলবার বিকেল ছটা নাগাদ। জংশন ফাঁড়ির পুলিশ কেশব চন্দ্র রায়ের তৎপরতায় তৎক্ষণাৎ তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। আলিপুরদুয়ার জেলা হাসপাতালে তার চিকিৎসা চলছে জানা গেছে পুলিশ সূত্রে। একটি ব্যক্তিগত চার চাকার গাড়ির পেছনে সজোরে গিয়ে ধাক্কা মারে ওই বাইক চালক আর এর ফলেই এমন দুর্ঘটনাটি ঘটেছে।

# কংগ্রেসের ডাকে জনজীবন ব্যাহত আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৪ জুন : নয় বছরের শিশু কন্যার মৃত্যু নিয়ে সরগরম হয়ে উঠল আলিপুরদুয়ার জেলা শহর। আলিপুরদুয়ার শহরে জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে প্রতিবাদ কর্মসূচি করলেন।নদীয়ার কালীগঞ্জ বিধানসভার উপনির্বাচনের ফলাফলের পর তৃণমূলের যে বিজয় মিছিল বেরিয়েছিল সেখানে বোমার আঘাতে নয় বছরের শিশু কন্যার মৃত্যুতে আজ আলিপুরদুয়ার জেলা কংগ্রেসের পক্ষ থেকে আলিপুরদুয়ার কলেজ হল্টে অবরোধ করা হয়। অবরোধের ফলে আলিপুরদুয়ার কলেজ হল্টে ব্যাপক যানজট তৈরি হয়। ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। কলেজ হল্টে কংগ্রেসের নেতা এবং কর্মীরা অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকেন। স্লোগান উঠতে থাকে মৃত্যুর দায় মমতা সরকারকে নিতে হবে। সারা বাংলা জুড়ে আজ কংগ্রেসের পক্ষ থেকে এই প্রতিবাদ কর্মসূচি এবং পথ অবরোধ কর্মসূচি পালন করা হয়েছে। অন্যদিকে সিপিআইএমের পক্ষ থেকে একটি প্রতিবাদ মিছিল বের করা হয় আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা বাজার এলাকায়। নদীয়ার কালীগঞ্জে নয় বছরের শিশুর মৃত্যুর দায় রাজ্য সরকারকে নিতে হবে এমন স্লোগান ওঠে এই মিছিল থেকে।

## কাগজের নৌকা

২৫ জুন ২০২৫ , বুধবার

# ঠিকানা

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

ঠিকানা নিয়ে কবুতর , পাখা মেলে আকাশে যে ওড়ে ,
গগন -পানে শুধুই চেয়ে থাকে ,আকাশ কি সেটা জানে !
কোথাও বাঁজলে যে মেঘের নুপুর ,
পদ্ম পাতায় টলমল করে বিষাদ দুপুর ,
জলের আয়নায় কাজল এঁকেছে ,
অভিমানে নয়ন- যুগল বড্ড যে সেজেছে ,
সুখ-দুঃখের সবটুকু যে স্মৃতি হয়ে থাকে ,
হয়তো বা শূন্যে যাযাবরের মতো ঘোরাফেরা করে ,
ওই তীর ভাঙা গাঙ্গে ,অবহেলায় রসস্তটুকু ,
স্মৃতি হয়ে থাকে ,যদি আসে কোন ঠিকানা ,
হয়তো বা শূন্যে ছুঁড়ে ফেলে দেবে ,
বিষাদময় স্মৃতির মায়া , আঁকা স্মৃতি হয়ে থাকে ,
শেষ পাতায় যাতনা- গুলো ,বেল কাঁটার মত বিদ্য হয় ,
নির্জনে বসে অনুযোগের হালকা ছিল রেশ ,
আকাশ জুড়ে জোৎস্না ছিল বেশ ,
চাঁদের অকাল অমাবস্যার রাতে ,
নালিশের আজ দেখেছি বান ,
মেঘ যখন ব্যস্ত তারই উদযাপনে ,
আঙ্গুল ছোঁয়ার ওই স্বপ্ন-শিহরণ ,
আড়ালে রয়েছে তার স্পর্শকাতর মন।
মেঘের কোলে আছে যে বসত ঘর ,
দিগন্ত-পানে ভোরের মুখ প্রসারিত ,
চাঁদ যে এখন ওই অভিমানেই উল্লোষিত।।

# প্রাচীনতম গাছ ভেঙ্গে পড়ল ,প্রাণে বাঁচলেন একজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন : আলিপুরদুয়ার জংশন অফিসার্স কলোনী এলাকায় শতাব্দী প্রাচীন বটগাছ ভেঙ্গে পড়ল। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায় মঙ্গলবার বেলা দশটা নাগাদ। প্রায় ১১০ বছরের পুরনো বটগাছ ভেঙ্গে পড়ায় এলাকায় বিদ্যুৎহীন হয়ে গেছে। বট গাছের পাশে থাকা একটি বাড়ি প্রচন্ড ক্ষতি হয়েছে। বরাত জোরে প্রাণে বেঁচে গেছেন একজন। সকাল থেকে ওই এলাকায় বন্ধ রয়েছে গাছ পড়ে যাওয়া রাস্তা দিয়ে যাতায়াত। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে রাতভর প্রচন্ড বৃষ্টি হয়েছে। সাতসকালে তারা বাড়ী থেকে বের হয়ে দেখেন গাছ পড়ে রয়েছে। তবে বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেয়েছেন এলাকার বাসিন্দারা জানা গেছে বাসিন্দাদের কাছ থেকে।

# ভাঙ্গা ঝুলন্ত ব্রীজ নিয়ে সরব বিধায়ক বিধানসভায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন : ছিপড়া ঝুলন্ত ব্রীজ সংস্কার করার দাবিতে বিধানসভায় সরব হলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও । এমনটাই জানিয়েছেন তিনি টেলিফোনে মঙ্গলবার বিকেল ছটা নাগাদ। বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গলের পার্শ্ববর্তী স্থানে ৭৭ টি পরিবারের বাস। তাদের একমাত্র চলার রাস্তা ছিপড়া বিট অফিস সংলগ্ন কাঠের ঝুলন্ত ব্রীজ। ভগ্নপ্রায় এই ব্রীজকে সংস্কার করার দাবি উঠেছিল বিভিন্ন মহল থেকে। বনদপ্তরের অফিস থেকে শুরু করে গ্রাম পঞ্চায়েত দপ্তর সহ ব্লক অফিসে বহুবার জানানো হয়েছে এই ভগ্ন প্রায় ব্রীজ সংস্কার করার। অবশেষে মঙ্গলবার উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রীর দারস্থ হয়েছেন বিধানসভায় কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও ব্রীজ সংস্কারের দাবি তুলে।

# আগ্নেয়াস্ত্র সহ উদ্ধার গুলি ও নগদ টাকা ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , জলপাইগুড়ি , ২৪ জুন : জলপাইগুড়ি জেলা পুলিশের মালবাজার থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার বিকালে থানা এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। অভিযানে নেতৃত্ব দেন মালবাজার থানার এ এস আই আলতাফ হোসেন। আটক দুই ব্যক্তি রয়াল এনফিল্ড কোম্পানীর কন্টিনেন্টাল জি টি ছশো পঞ্চাশ সিসির একটি বাইকে সওয়ার ছিলো। ততল্লাশীতে তাদের হেফাজত থেকে উদ্ধার হয় একটি দেশীয় বন্দুক , এক রাউন্ড থ্রিনট থ্রি রাইফেলের তাজা গুলি , নগদ ভারতীয় আশী হাজার টাকা। আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে পুলিশ। ধৃতদের নাম রহিত মোহাম্মদ , নিচুবাজার ডামডিমের বাসিন্দা ও বিশ্বজিত রায় চুয়াবস্তি , মানাবাড়ি ওদলাবাড়ির বাসিন্দা। মোটরসাইকেল সহ উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে তাদের আদালতে পেশ করা হয়। ঘটনার তদন্তে পুলিশ।

# বিডিওর বিরুদ্ধে টাকা চাওয়ার অভিযোগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন : আলিপুরদুয়ার ডিস্ট্রিক্ট হোটেল এণ্ড রিসোর্ট অ্যাসোসিয়েশন কালচিনির বিডিও মিঠুন মজুমদার ও বিডিও অফিসের কর্মীর বিরুদ্ধে অতিরিক্ত টাকা চাওয়ার গুরুতর অভিযোগ আনলো হোটেল ব্যবসায়ী। এই বিষয়ে আলিপুরদুয়ার প্রশাসনিক ভবন ডুয়ার্সকন্যায় সংগঠনের পক্ষ থেকে জেলাশাসকের কাছে অভিযোগ করা হয়েছে। সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে জানালো কালচিনির বিডিও মিঠুন মজুমদার। রিসর্টের ফুড সেফটি লাইসেন্স রিনিউ করার জন্য সরকারি নিয়মের অতিরিক্ত টাকা চাওয়ার অভিযোগ উঠেছে আলিপুরদুয়ারের কালচিনি ব্লকের বিডিও মিঠুন মজুমদারের বিরুদ্ধে। মঙ্গলবার আলিপুরদুয়ারের জেলা শাসকের কাছে লিখিত আকারে এই অভিযোগ করেন আলিপুরদুয়ার মেন্দাবাড়ি এলাকার এক রিসোর্ট এর মালিক তথা আলিপুরদুয়ার ডিস্ট্রিক্ট রিসর্ট অ্যান্ড হোটেল অ্যাসোসিয়েশনের সভাপতি কিঙ্কর রায়। মঙ্গলবার দুপুরে সংগঠনের সদস্যদের সঙ্গে নিয়ে জেলার প্রশাসনিক ভবন ডুয়ার্সকন্যায় হাজির হন কিঙ্কর রায়। এডিএম জেনারেল অশ্বিণী রায়ের কাছে তাঁরা বিডিওর বিরুদ্ধে লেখা ওই অভিযোগ পত্র জমা দেন । অভিযোগ সোমবার নিজের রিসর্টের ফুড সেফটি লাইসেন্সের জন্য কিঙ্কর রায় কালচিনির বিডিওর দপ্তরে সরকারী নিয়মে ধার্য্যকরা ৫ হাজার টাকা জমা দেন। তারপর বিডিও মিঠুন মজুমদার তাঁর কাছে অফিসের ক্যাজুয়াল স্টাফদের বেতন দেওয়ার জন্য অতিরিক্ত টাকা দাবি করেন বলে অভিযোগ কিঙ্কর রায়ের।এই বিষয়ে কলচিনির বিডিও মিঠুন মজুমদার জানান পাঁচ বছর ধরে উক্ত ব্যবসায়ী ট্রেড লাইসেন্স রিনিউ না করে ব্যবসা চালাচ্ছে তাকে ট্রেড লাইসেন্স রিনিউ ও তার পেনাল্টি সরকারি নিয়ম অনুযায়ী যা হয় কালচিনি পঞ্চায়েত সমিতিতে অনলাইনে জমা করতে বলা হয়েছে। বিডিও জানান সম্পূর্ণ ভিত্তিহীন অভিযোগ করছে।

# গৃহবধূর মৃত্যুর ঘটনায় গ্রেফতার ৩

মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৪ জুন : গৃহবধূর মৃত্যুতে তার শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ তুলল ওই বধূর পরিবার। সম্প্রতি ওই বধূকে শ্বশুরবাড়ির লোকেরা বিষ খাইয়ে দেন বলে অভিযোগ তোলা হয়েছে মৃতার বাপের বাড়ির তরফে। বিষয়টি নিয়ে শোরগোল পড়েছে কুমারগ্রাম ব্লকের বারবিশার লস্করপাড়া গ্রামে। জানা গিয়েছে , মৃতার নাম পায়েল সূত্রধর , বয়স ১৮। এই বিষয়ে কুমারগ্রাম থানার বারবিশা পুলিশ ফাঁড়িতে পায়েলের স্বামী সুজিত বিশ্বশর্মা , শ্বশুর নৃপেন্দ্র বিশ্বশর্মা ও শাশুড়ি সুচিত্রা বিশ্বশর্মার বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন পায়েলের বাবা বিমল সূত্রধর। ঘটনার তদন্তে নেমে মঙ্গলবার পুলিশ ওই তিনজনকে গ্রেফতার করেছে। ধৃতদের বুধবার আদালতে পাঠানো হবে। জানা গিয়েছে , পায়েল ও সুজিত প্রতিবেশী। একই পাড়ায় পাশাপাশি তাদের বাড়ি। সেই সূত্রে তাদের মধ্যে ভালোবাসার সম্পর্ক তৈরি হয়েছিল। চলতি বছরের ফেব্রুয়ারি মাসে তারা পালিয়ে বিয়ে করে। অভিযোগ , বিয়ের পর থেকেই শ্বশুরবাড়ির লোকেরা পায়েলের উপর শারিরীক ও মানসিক নির্যাতন চালাত। বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য পায়েলকে চাপ দেওয়া হত বলে অভিযোগ। কিছুদিন আগে শ্বশুরবাড়ির লোকেরা পায়েলকে বিষ খাইয়ে দেন বলে অভিযোগ উঠেছে। গুরুতর আহত অবস্থায় সে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছিল। গত রবিবার শিলিগুড়িতে চিকিৎসাধীন অবস্থায় পায়েলের মৃত্যু হয়। সোমবার মৃতদেহ বাড়িতে এসে পৌঁছয়। এরপরই এই বিষয়ে পুলিশে লিখিত অভিযোগ জানান মৃতার বাবা বিমল সূত্রধর। লিখিত অভিযোগ পেয়েই পুলিশ মৃতার স্বামী , শ্বশুর ও শাশুড়িকে গ্রেফতার করেছে।

# গাঁজা পাচার কাণ্ডে সাত দিনের পুলিশ হেফাজতে অভিযুক্তরা



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৪ জুন : গাঁজা পাচার চক্রে জড়িত তিনজনকে আলিপুরদুয়ার জেলা আদালত থেকে সাত দিনের জন্য পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার জংশন পুলিশ ফাড়ির ওসি জগদীশ রায়ের কাছ থেকে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। সোমবার সন্ধ্যায় আলিপুরদুয়ার জংশন এলাকা থেকে প্রায় ২০ কেজি গাঁজা সহ গ্রেফতার করা হয়েছে দুজন সিভিক ভলেন্টিয়ার এবং একজন হোমগার্ড কে। বাজেয়াপ্ত করা হয়েছে প্রায় ২০ কেজি গাঁজা। মঙ্গলবার বেলা দুইটা নাগাদ তাদেরকে আদালতে পাঠানো হয়। বিকেল চারটে নাগাদ তাদের আদালতে তোলা হলে সেখান থেকে সাত দিনের পুলিশ হেফাজতে নেন পুলিশ। তাদের জিজ্ঞাসাবাদ করে নতুন কিছু তথ্য পাবে পুলিশ এমনটাই মনে করছে পুলিশ মহল। উল্লেখ্য তিনজন অভিযুক্তের নাম মানিক চন্দ্র বর্মন অভিজিৎ বর্মন নীতিশ রায়।

# শিলিগুড়ি এটিএম লুট কান্ডে গ্রেপ্তার ভিন রাজ্যের তিন দুষ্কৃতি , উদ্ধার তিন লক্ষাধিক টাকা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ ,শিলিগুড়ি , ২৪ জুন: শিলিগুড়ির চম্পাসারিতে এ টি এম লুট কান্ডে প্রধাননগর থানার এন্টি ক্রাইম ব্রাঞ্চ তিন দুষ্কৃতিকে গ্রেপ্তার করে। জানা গেছে এটি এম লুট কান্ডের তদন্তে নেমে এন্টি ক্রাইম ব্রাঞ্চ এর সাদা পোষাকের পুলিশ পৌঁছে যায় হরিয়ানায়। সেখান থেকে এক দুষ্কৃতি কে গ্রেপ্তার করে শিলিগুড়ি নিয়ে আসে পুলিশ। তাকে জেরা করে আরও দুই দুষ্কৃতিকে শিলিগুড়ি লাগোয়া সেবক জঙ্গল থেকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা গেছে তিন দুষ্কৃতি হরিয়ানা রাজ্যের নুহ্ জেলার বাসিন্দা। ধৃতদের থেকে উদ্ধার হয় তিন লক্ষাধিক টাকা। ধৃতদের নাম মোহাম্মদ ইসরাইল , জাভেদ খান ও মোহাম্মদ খুশিদ। ধৃতদের মঙ্গলবার শিলিগুড়ি আদালতে পেশ করা হয়েছে। প্রধাননগর থানার আই সি বি ডি সরকার জানান এটি এম লুট কান্ডে ব্যাঙ্ক কর্তৃপক্ষের সহযোগিতা আশানুরূপ ভাবে পাওয়া না যাওয়ায় আসামীদের ধরতে বেগ পেতে হয়েছে। অপরদিকে পুলিশের ডিসিপি বিশ্বচাঁদ ঠাকুর জানান এটি এম কান্ডে তিন দুষ্কৃতি কে গ্রেপ্তার করা হয়েছে। আরও কতজন এই কান্ডে জড়িত সেসব বিষয়ে খোঁজ খবর নেওয়া হচ্ছে। সম্প্রতি শিলিগুড়িতে সোনার দোকান লুটের যে ঘটনা ঘটেছে সেই কান্ডেও এই আন্তরাজ্য গ্যাং জড়িত কিনা তাও খতিয়ে দেখছে পুলিশ।

# বারবিশা হাইস্কুলে ঢুকতে শুরু করেছে জল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ জুন: অবশেষে আশঙ্কাই সত্যি হল। কুমারগ্রাম ব্লকের বারবিশা হাইস্কুলে ফের নালার জল ঢুকতে শুরু করেছে। সোমবার রাতে ভারী বৃষ্টি হয়। মঙ্গলবার স্কুলে এসে লক্ষ্য করা গেল , স্কুলের মিড-ডে মিলের ডাইনিং হল জলমগ্ন হয়ে রয়েছে। ফলে এদিন স্কুলের ছাত্রছাত্রীরা ডাইনিং হলে বসে মিড-ডে মিল খেতে পারেনি। মিড-ডে মিলের ডাইনিং হল ছাড়াও স্কুলের একটি প্রস্রাবাগার জলমগ্ন হয়ে পড়েছে। প্রথম এই সমস্যার সৃষ্টি হয়েছিল ২০২৪ সালের ১৭ জুন। বারবিশা হাইস্কুলের পেছন দিকে সীমানা প্রাচীরের সঙ্গেই রয়েছে একটি নিকাশি নালা। ওই নালার জল বেড়ে গিয়ে গত বছরের ১৭ জুন ঘটেছিল বিপত্তি। স্কুলের পুরনো সীমানা প্রাচীরটি বেশ কয়েকটি স্থানে ভেঙে যায়। ফলে নালার জল ঢুকতে শুরু করে স্কুলে। জলমগ্ন হয়ে পড়ে স্কুলের বারান্দা , মাঠ, কয়েকটি শ্রেণিকক্ষ , মিড-ডে মিল রান্নার ঘর। তখন সপ্তাহ খানেক স্কুলে পঠনপাঠন বন্ধ ছিল। সেসময় প্রশাসনের কর্তা থেকে শুরু করে জনপ্রতিনিধিরা স্কুল পরিদর্শন করে যান। আশ্বাস দেওয়া হয়েছিল, এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের। কিন্তু ওই ঘটনার এক বছরেও নতুন করে স্কুলের সীমানা প্রাচীর তৈরি করা হয়নি। ফলে আশঙ্কা করা হচ্ছিল , ভারী বৃষ্টি হলেই স্কুলে ফের জল ঢুকবে। সেই আশঙ্কাই সত্যি হল। তবে মঙ্গলবার স্কুলে পঠনপাঠন হয়েছে। কিন্তু এই পরিস্থিতিতে ফের স্কুলে পঠনপাঠন বন্ধের আশঙ্কা করা হচ্ছে। বারবিশা হাইস্কুলের পরিচালন সমিতির সভাপতি মুকুল তরফদার বলেন ,'গত বছরের মতো এবছরও নালার জল স্কুলে ঢুকতে শুরু করেছে। ভারী বৃষ্টি হলে গোটা স্কুল জলমগ্ন হয়ে পড়বে। তখন স্কুলে পঠনপাঠন চালানো মুশকিল হয়ে পড়বে। বিষয়টি প্রশাসনের বিভিন্ন মহলে জানানো হয়েছে।'






EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।